WWW.ASKNETWORK.NET

Bengali

/ASKING ... FOR THOSE FROM EVERY NATION, TRIBE, PEOPLE & LANGUAGE/

আল্লাহ্‌র কাছে ফরিয়াদ করছি... প্রত্যেক জাতি, বংশ, জনগোষ্ঠী ও ভাষার মানুষের জন্য

পাক-রূহ্‌ এবং কনে বলছেন, "এস।" আর যে এই কথা শুনছে সেও বলুক, "এস।" যার পিপাসা পেয়েছে সে আসুক এবং যে পানি খেতে চায় সে বিনামূল্যে জীবন্তপানি খেয়ে যাক। — **প্রকাশিত কালাম ২২:১৭**

আমরা অধীর আগ্রহে সেই দিনের অপেক্ষায় আছি, যে দিনের কথা লেখা আছে: "এর পরে আমি প্রত্যেক জাতি, বংশ, দেশ ও ভাষার মধ্য থেকে এত লোকের ভিড় দেখলাম যে, তাদের সংখ্যা কেউ গুণতে পারল না। সাদা পোশাক পরে তারা সেই সিংহাসন ও মেষ-শাবকের সামনে খেজুর পাতা হাতে নিয়ে দাঁড়িয়ে ছিল।" **প্রকাশিত কালাম ৭:৯** সেই দিন আমাদের চাওয়া শেষ হবে, কিন্তু তার আগ পর্যন্ত আমাদেরমুনাজাত সেই মহান দিনের আগমনেরজন্য পথ প্রস্তুত করতে পারে এবং অবশ্যই করবে!

"জনগোষ্ঠী, বংশ, ভাষা ও জাতি"—এই চারটি শব্দ প্রকাশিত কালাম কিতাবেপাঁচবার উল্লেখকরা হয়েছে, তবে একই ধারাবাহিকতায় নয়; এতে আমরা দেখি যে, আল্লাহ্‌র চোখে এই চারটিই সমান গুরুত্বপূর্ণ। **প্রকাশিত কালাম ৫:৯, ৭:৯, ১১:৯, ১৩:৭, ১৪:৬**

জাতিদের জন্য ফরিয়াদ

কিতাবুল মোকাদ্দসে জাতিদের বিষয়ে ৬০০ বার উল্লেখ আছে, যা দেখায় যে তাদের জন্য আল্লাহ্‌র একটি সুচিন্তিত পরিকল্পনা ও নাজাতের উদ্দেশ্য রয়েছে। বর্তমানে দুনিয়াতে ১৯৫টি স্বীকৃত স্বাধীন সার্বভৌম রাষ্ট্র আছে। এখানে জাতি বলতে এমন একটি দেশকে বোঝানো যেতে পারে, যার ভৌগোলিক সীমানা নির্দিষ্ট এবং যা একটি শাসনব্যবস্থার অধীনে পরিচালিত হয়।

আপনার নিজের জাতির জন্য ফরিয়াদ করুণ। প্রথমেই আমি বলছি, সকলের জন্য আল্লাহ্‌র কাছে যেন মিনতি, মুনাজাত, অনুরোধ ও শুকরিয়া জানানো হয়। এইভাবে বাদশাহ্‌দের জন্য আর যাদের হাতে ক্ষমতা আছে তাদের সকলের জন্য মুনাজাত করতে হবে, যেন আল্লাহ্‌র প্রতি ভয় দেখিয়ে এবং সৎ ভাবে চলে আমরা স্থির ও শান্তিপূর্ণ জীবন কাটাতে পারি। আমাদের নাজাতদাতা আল্লাহ্‌র চোখে তা ভাল এবং এতেই তিনি খুশী হন। তিনি চান যেন সবাই নাজাত পায় এবং মসীহের বিষয়ে সত্যকে গভীরভাবে বুঝতে পারে। **১ তীমথিয় ২:১-৪**

মুনাজাত করুন যেন প্রত্যেক জাতির মধ্যে মজবুত উম্মতদের নিয়ে জামাত প্রতিষ্ঠিত হয়: তোমরা গিয়ে সমস্ত জাতির লোকদের আমার উম্মত কর। পিতা, পুত্র ও পাক-রূহের নামে তাদের তরিকাবন্দী দাও। আমি তোমাদের যে সব হুকুম দিয়েছি তা পালন করতে তাদের শিক্ষা দাও। **মথি ২৮:১৯-২০**

সব জাতির জন্য মুনাজাত করতে একটি পরিকল্পনা অনুসরণ করুন। www.operationworld.org ওয়েবসাইটে অনেক সহায়ক উপকরণ আছে।

জনগোষ্ঠীদের জন্য চাওয়া

মাবুদ ইয়াকুবকে বলেছিলেন: “দুনিয়ার সমস্ত জাতি তোমার ও তোমার বংশের মধ্য দিয়ে দোয়া পাবে।” তাঁর বংশধরেরাই ছিল ইহুদী জাতি। একটি জনগোষ্ঠীকে চিহ্নিত করার একটি উপায় হল বর্ণ বা জাতিগত পরিচয়; কখনও কখনও তা মহাদেশভিত্তিক বিভাজনের সংগেও মিলে যায়। মুনাজাতের জন্য জনগোষ্ঠীদের চিহ্নিত করতে এটি খুব সহায়ক একটি উপায় হতে পারে; এভাবে আমরা আল্লাহ্‌র কাছে চাইতে পারি যেন তাদের নিজস্ব বৈশিষ্ট্য ও সংস্কৃতি আল্লাহ্‌র গৌরবেরজন্য পুরোপুরি প্রকাশ পায়।

সব মানুষ যে আল্লাহ্‌রই, সেজন্যতাঁর এবাদত করুন এবং মুনাজাত করুন যেন সব মানুষের কাছে এই সত্য প্রকাশিত হয়। দুনিয়া ও তার মধ্যেকার সব কিছু মাবুদের; বিশ্ব ও তার মধ্যে যারা বাস করে তারাও তাঁর। **জবুর ২৪:১**

বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে, বিশেষ করে সারা দুনিয়ার জামাতগুলোর মধ্যে, বর্ণ ও জাতিগত বিভেদ যেন দূর হয়, সেজন্যমুনাজাত করুন। ধন্য তারা, যারা লোকদেরজীবনে শান্তিআনবার জন্য পরিশ্রম করে, কারণ আল্লাহ্‌ তাদের নিজের সন্তান বলে ডাকবেন। **মথি ৫:৯**

ফসলের মালিকের কাছে ফরিয়াদকরুণ, যেন সুখবর কুদরতের সংগে প্রত্যেক জনগোষ্ঠীর কাছে পৌঁছায়। হে সমস্ত জাতি, মাবুদের গৌরব কর; সমস্ত লোক তাঁর প্রশংসা করুক। **রোমীয় ১৫:১১**

ভাষাগুলোর জন্য চাওয়া

বর্তমানে দুনিয়াতে কমপক্ষে ৬,৮০০টি ভাষায় মানুষ কথা বলে। ২,০০০-এরও বেশি ভাষায় কিতাবুল মোকাদ্দসের কোন অংশই নেই, অথচ সেগুলোতে হয়তো অনুবাদের কাজ শুরু করা দরকার; এতে ৩৪ কোটি মানুষ বঞ্চিত হচ্ছে।

মুনাজাত করুন যেন কিতাবুল মোকাদ্দস প্রত্যেক ভাষায়অনুবাদ করা হয়, যেন সবাই নিজের ভাষায় সুখবর শুনতে পারে। কিন্তু যাঁর উপর তারা ঈমান আনে নি তাঁকে কেমন করে ডাকবে? যাঁর বিষয় তারা শোনে নি তাঁর উপর কেমন করে ঈমান আনবে? **রোমীয় ১০:১৪**

মুনাজাত করুন যেন আল্লাহ্‌ www.wycliffe. www.pioneerbible.org www.lbt.org -এর কাজের জন্য প্রয়োজনীয় সব কিছু যোগান এবং সেই কাজে উন্নতিদান করেন। আমাদের আল্লাহ্‌র রহমত (তাদের) উপরে থাকুক; (তাদের) সব কাজে তুমি সফল কর, হ্যাঁ, (তাদের) সব কাজে তুমি সফলতা দান কর। **জবুর ৯০:১৭**

ব্যাবিলনের উঁচু ঘর তৈরীর পরে আল্লাহ্‌ যে শাস্তিদিয়েছিলেন, তার ফল যেন তিনি পাল্টে দেন, সেজন্যতাঁর কাছে চান: সেখানেই মাবুদ সারা দুনিয়াতে ভাষার মধ্যে গোলমাল বাধিয়ে দিয়েছিলেন। সেখান থেকেই তিনি তাদের দুনিয়ার সব জায়গায় ছড়িয়ে দিয়েছিলেন। **পয়দায়েশ ১১:৯**

বংশগুলোর জন্য ফরিয়াদ করুণ

ইসরাইল নামে একটি জাতির মধ্যেইবারোটি বংশ ছিল। দুনিয়ার অনেক জাতির ভিতরেইবংশ বা গোত্রভিত্তিক ব্যবস্থা আছে। বংশগুলো সাধারণত পরিবার থেকে, কিংবা অন্য কোন ঘনিষ্ঠ দল থেকে শুরু হয়েছিল। ভাষা, জীবনযাপনের ধরন বা ভৌগোলিক অবস্থান দিয়ে প্রায়ই তাদের আলাদা করে চেনা যায়। প্রায়ই দেখা যায় যে, বিভিন্ন জাতির মধ্যে এই বংশগুলো সুখবর-বঞ্চিত জনগোষ্ঠী হিসাবেরয়ে গেছে। সুখবর-বঞ্চিতজনগোষ্ঠীদের (UPG) জন্য মুনাজাতে যুক্ত হোন। প্রায় ৭,০০০টি UPG আছে, অর্থাৎসমস্ত জনগোষ্ঠীর ৪১% এখনও সুখবর পায় নি। এদের মোট সংখ্যা ২৮৪ কোটি মানুষ। www.joshuaproject.net ওয়েবসাইটে নাম নিবন্ধন করলে মুনাজাতের জন্য প্রতিদিন একটি করে ভিন্ন UPG-এর তথ্য আপনি ইমেইলে পেতে পারেন। মুনাজাত করুন যেন প্রযুক্তি ও সাইবার জগতের দানের মধ্য দিয়ে সুখবর আরও দ্রুত ও কার্যকরভাবে দুনিয়ার শেষ সীমা পর্যন্ত ছড়িয়ে পড়ে। দুনিয়ার শেষ সীমার লোকেরাও তওবা করে মাবুদের কাছে আসবে; অন্য জাতিদের সমস্ত গোষ্ঠী তাঁকে সেজদা করবে। জ্বী, রাজ্য মাবুদেরই; সব জাতির উপরে তিনিই বাদশাহ্‌। **জবুর ২২:২৭-২৮**

বিভিন্ন জাতির মধ্যে তাঁর মহিমা ঘোষণা কর; সমস্ত লোকের মধ্যে তাঁর সব অলৌকিক কাজের কথা ঘোষণা কর।
১ খান্দাননামা ১৬:২৪

প্রত্যেক জাতি, বংশ, জনগোষ্ঠী ও ভাষার মানুষ যতদিন না আমাদের হযরত ঈসা মসীহের বিষয়ে নাজাতী জ্ঞান লাভ করে, ততদিন মুনাজাত করে ASK Network তার নির্ধারিত লক্ষ্য পূরণ করতে পারে। আমিন।